

## এক নজরে আই কেয়ার প্রোগ্রাম

## সর্বমোট

জুলাই ২০১৪ - অক্টোবর ২০২৪



# ইসিপি বার্তা

## আই কেয়ার প্রোগ্রাম

দৃষ্টিহীনদের দৃষ্টি ফিরিয়ে দিন

অক্টোবর, ২০২৪ সংখ্যা

অক্টোবর  
২০২৪



সুইচ তাহমিনা বানু বিদ্যানিকেতন শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে চশমা বিতরণ অনুষ্ঠানে সম্মানিত দাতাদের অংশগ্রহণ

## সুইচ তাহমিনা বানু বিদ্যানিকেতনে “স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম”

গত ১৯শে অক্টোবর ২০২৪ তারিখে দুস্থ ও সুবিধাবঞ্চিত স্কুলগামী শিক্ষার্থীদের বিনামূল্যে চক্ষুসেবা দিতে এমএসএস আই কেয়ার প্রোগ্রাম (ইসিপি) এর পৃষ্ঠপোষকতায় মোহাম্মদপুর ঢাকা উদ্যানের নিকটস্থ সুইচ তাহমিনা বানু বিদ্যানিকেতনে স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে।

আই কেয়ার প্রোগ্রামের সহযোগী প্রাইম ব্যাংক আই হাসপাতালের দক্ষ চক্ষু বিশেষজ্ঞ দ্বারা এ স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। এ প্রোগ্রামে মোট ১৭৯ জন (ছাত্রী ১১৫ জন, ছাত্র ৬৪ জন) শিক্ষার্থীর চক্ষু পরীক্ষা করা হয়। এছাড়াও প্রদানকৃত সেবাসমূহের মাঝে রয়েছে - ৪০ জন শিক্ষার্থীকে বিনামূল্যে চশমা ও ৭৯ টি ঔষধ বিতরণ। শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এ উদ্যোগ সফলভাবে সম্পন্ন হয়।

মরহুম প্রফেসর এম সফিউল্লাহ ও নূরজাহান বেগমের স্মরণে তাঁদের সন্তান ও নাতি-নাতনিদের অর্থায়নে দিনব্যাপী এই সেবামূলক কর্মসূচী পরিচালিত হয়েছে।

স্কুলের প্রধান শিক্ষকসহ উপস্থিত সকল শিক্ষার্থী, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সন্তোষ ও কৃতজ্ঞতা প্রকাশ স্কুলের প্রধান শিক্ষক জনাব শাহ আলম জানান “শিক্ষার্থীদের চোখের সেবায় এ উদ্যোগ প্রশংসনীয়। আমাদের শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিবছর এমন কার্যক্রম গ্রহন করলে শিক্ষার্থীরা উপকৃত হবে।”

## বিনামূল্যে চক্ষুসেবা পেলেন উত্তরবঙ্গের ১৪৩৫ জন সুবিধাবঞ্চিত মানুষ

এমএসএস আই কেয়ার প্রোগ্রামের (ইসিপি) উদ্যোগে অক্টোবর মাসজুড়ে ৬টি চক্ষুসেবা ক্যাম্প ১৪৩৫ (পুরুষ ৬৩৮, মহিলা ৭৯৭) জন সেবাপ্রার্থীদের চক্ষুসেবা প্রদান করা হয়েছে।

পঞ্চগড় সদরের শালমারা ভিতরগঞ্জ উচ্চ বিদ্যালয়, ধামোর ইউনিয়ন পরিষদ, ৮ নং ধাক্কা মারা ইউনিয়ন পরিষদ, পঞ্চগড় সদর ইউনিয়ন পরিষদ, নীলফামারী জেলার ৩ নং বাঙ্গালিপুর ইউনিয়ন পরিষদ এবং সিরাজগঞ্জ জেলার চৌহালী চরাঞ্চলের কুরকি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে আয়োজিত সর্বমোট ৬টি ক্যাম্প বিনামূল্যে ৪৬১ টি চশমা বিতরণ করা হয়েছে। ছানি শনাক্তকৃত রোগীর সংখ্যা ৩২০ জন, যাদের মাঝে ২১৯ জন রোগীর সার্জারির মাধ্যমে সফলভাবে ছানি অপসারণ সম্পন্ন করা হয়েছে। সার্বিক সহায়তায় আই কেয়ার প্রোগ্রামের সহযোগী হিসেবে সেফ হাসপাতাল, প্রফেসর এম এ মতিন মেমোরিয়াল বিএনএসবি বেঙ্গ আই হাসপাতাল এবং রংপুর চক্ষু হাসপাতাল উল্লেখযোগ্য ভূমিকা পালন করে।

চক্ষুসেবা প্রদানের পাশাপাশি সেবাপ্রার্থীদের মাঝে চোখের যত্নে করণীয় যাবতীয় নির্দেশনাবলী নিয়ে বিশদভাবে আলোচনা করা হয়।

আই কেয়ার প্রোগ্রাম সম্পর্কে সেবাপ্রার্থীদের মাঝে খতিমননেছা জানান, “আমরা কোনো প্রকার টাকা পয়সা ছাড়া চোখের সেবা, ঔষধ, চশমা পেয়েছি। সবাই খুব আন্তরিক। আমাদের অঞ্চলের মানুষেরা ইসিপির মাধ্যমে চক্ষুসেবা পেয়ে খুবই আনন্দিত। ইসিপি ও অর্থদাতাদের প্রতি আমরা কৃতজ্ঞতা প্রকাশ করছি।”



ছানি অপারেশনের পর রংপুর চক্ষু হাসপাতালে রোগীদের কাউন্সিলিং এবং প্রয়োজনীয় ঔষধ, কালো চশমা বিতরণ



প্রকাশনাঃ মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট

আই কেয়ার প্রোগ্রাম-মানবিক সাহায্য সংস্থা

হাউজ - ১১৯, ফ্ল্যাট - ৭১, রোড - ৪, ব্লক - এ, বনানী,

ঢাকা-১২১৩, বাংলাদেশ।

মোবাইল : ০১৭৩০০২৪০৩৩ ইমেইল : eyecareprogram.mss@gmail.com

SHAFIUDDIN AHMED FOUNDATION HOSPITAL  
সফিউদ্দিন আহমেদ ফাউন্ডেশন হাসপাতাল